



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

ওপেন স্কুল



মাস্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজ (MDS)

ভর্তি বিজ্ঞপ্তি : ৩য় ব্যাচ, জুলাই ২০২৫

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত Master of Development Studies (MDS) প্রোগ্রামের ৩য় ব্যাচে (জুলাই, ২০২৫) ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। প্রোগ্রামটির টিউটোরিয়াল ক্লাস অনলাইন-অফলাইন পদ্ধতিতে (Blended mode) প্রতি শুক্র ও শনিবারে পরিচালিত হবে। সিমেন্টার শেষে পরীক্ষাসমূহ বাউবি'র মেইন ক্যাম্পাস, বোর্ডবাজার, গাজীপুরে সাপ্তাহিক ছুটির দিনে অনুষ্ঠিত হবে। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো আগ্রহী ব্যক্তি আবেদন করতে পারবেন।

প্রোগ্রামের বৈশিষ্ট্য

- ০২ (দুই) বছর মেয়াদে ০৪ সিমেন্টারে (প্রতি সিমেন্টার ০৬ মাস) মোট ১৬টি কোর্স (৬৫ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।
- এমডিএস প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ বছর। এ সময়ের মধ্যে শিক্ষার্থীরা প্রোগ্রামটি সম্পন্ন করতে পারবেন।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

এমডিএস প্রোগ্রামে আবেদন করার ন্যূনতম যোগ্যতা হচ্ছে মানবিক, বিজ্ঞান কিংবা ব্যবসায় শিক্ষাসহ যে কোনো বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে প্রাপ্ত তিন/চার বছর মেয়াদি স্নাতক ডিগ্রি অথবা একটি মাস্টার্স ডিগ্রিসহ দুই বছর মেয়াদি স্নাতক (পাস) ডিগ্রি। শিক্ষা জীবনের যে কোনো স্তরে অনধিক একটি ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকলেও আবেদন করা যাবে। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার ফলাফল, মাস্টার্স/উচ্চতর ডিগ্রি) আবেদনকারীর ভর্তি পরীক্ষার ফলাফলে স্কোর হিসেবে যুক্ত হবে।

ভর্তি সংক্রান্ত তথ্য

- শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে
- আবেদনের ওয়েবসাইট: <https://osapsnew.bou.ac.bd>
- অনলাইনে আবেদনের সময়: ১৫ এপ্রিল থেকে ১৭ জুন ২০২৫
- প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ: ১৯ জুন ২০২৫
- ভর্তি (মৌখিক) পরীক্ষা: ২৭ ও ২৮ জুন ২০২৫
- চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ: ৩০ জুন ২০২৫
- ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন: ০১ থেকে ১২ জুলাই ২০২৫

ফি সংক্রান্ত তথ্য

- আবেদন ফরম ফি : ১০০০/-
- কোর্স ফি (প্রতি কোর্স ৩০০০/-): $৩০০০ \times ৪ = ১২,০০০/-$
- রেজিস্ট্রেশন ফি (১ম সিমেন্টার): ২০০০/-
- পরীক্ষার ফি (১ম সিমেন্টার ফাইনাল, ফরমেটিভ ও মিডটার্ম): ৪৫০০/-
- প্রজেন্টেশন ফি (১ম সিমেন্টার): ৫০০/-
- একাডেমিক ক্যালেন্ডার ফি: ১০০/-
- আই.ডি কার্ড ফি: ২০০/-
- সিমেন্টার মার্কশিট: ৩০০/-
- ১ম সিমেন্টারে মোট ভর্তি ফি (আবেদন ফরম ফি ব্যতীত): ১৯,১০০/-

অনলাইনে প্রাথমিক আবেদনের প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন।
- Offered Programs সেকশন এর অধীনে Open School (OS)-এ ক্লিক করে Master of Development Studies (MDS)-এর পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। MDS- এ ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন।
- অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সাম্প্রতিক তোলা ফটো (৩০০x৩০০ JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (৩০০ x ১০০ JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন।
- Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন।
- সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- আপনার মোবাইল ফোনে বাউবি থেকে প্রেরিত Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করুন। মৌখিক পরীক্ষার সময় মুদ্রিত আবেদনপত্র, এক সেট ফটোকপিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবল মনোনীত আবেদনকারীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS- এর মাধ্যমে নিশ্চিত করা হবে।
- অনলাইনে আবেদন, ফি জমাদান অথবা অন্য যে কোনো বিষয়ে কোনো সমস্যা হলে অথবা যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে (০১৬১৮-৯৭৭২৩৭, ০১৯০৭-৪৫১৬১২; সকাল ৮:৩০টা থেকে বিকাল ০৩.৩০টা পর্যন্ত, রবি থেকে বৃহস্পতি) ফোন অথবা help.osaps@bou.ac.bd আই.ডি'তে ই-মেইলের করুন।
- প্রোগ্রাম বিষয়ে যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন- ০১৭৭৫-৩৭৮৮১৬ (প্রোগ্রাম সমন্বয়কারী)।

ওরিয়েন্টেশন: ১৮ জুলাই ২০২৫ (বাউবি মেইন ক্যাম্পাস)

টিউটোরিয়াল ক্লাস শুরু: ২৫ জুলাই, ২০২৫

ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান ভর্তিচ্ছু সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে। একাডেমিক বিষয়ে তথ্য গোপন, ভুল তথ্য প্রদান, জালিয়াতি কিংবা জমাদানকৃত কাগজপত্র মিথ্যা প্রমাণিত হলে যে কোনো পর্যায়ে ভর্তি/সনদপত্র বাতিল হতে পারে।

ড. মোঃ জাকিরুল ইসলাম

সহযোগী অধ্যাপক ও সভাপতি, ভর্তি কমিটি, এমডিএস প্রোগ্রাম

ওপেন স্কুল, বাউবি

ফোন (হোয়াটসঅ্যাপ)# ০১৭১৬-৪৭৪৫২৯